# Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 24 April, 2025

ঐকমত্য কমিশনের সংস্কারের দিকে নির্বাচন কমিশন (ইসি) তাকিয়ে থাকবে না বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন।তিনি বলেছেন,'নিজেদের ক্ষমতার মধ্যে যা যা আছে তা নিয়ে ভোটের প্রস্তুতি নিচ্ছে ইসি।

আজ বৃহস্পতিবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের তিনি এ কথা জানান।

সিইসি বলেন, 'সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন আশা করে অস্ট্রেলিয়া।এ বিষয়ে বাংলাদেশকে সব ধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন অস্ট্রেলিয়ান হাইকমিশনার সুসান রাইলি।নির্বাচনকেন্দ্রীক যেকোনো ধরনের সহায়তায় তারা আগ্রহী।

এ সময় ভোটার তালিকা হালনাগাদসহ আন্তর্জাতিক পর্যবেক্ষকদের নিয়েও আলোচনার কথা জানান সিইসি।

রাজনৈতিক বিষয়ে ঐকমত্য কমিশন উদ্যোগ নেবে উল্লেখ করে এ এম এম নাসির উদ্দিন বলেন,'সে নিয়ে কথা বলতে চায় না ইসি।তবে ভোটের প্রস্তুতিতে নির্বাচনের আগে যা যা করা দরকার নিজেদের ক্ষমতাবলে সেসব কাজ সম্পন্ন করছে ইসি।

তিনি আরও বলেন, নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিশনের কেনাকাটার কাজ শুরু হয়েছে।এ ছাড়া সীমানা নির্ধারণে আইন পরিবর্তন দরকার। আইন মন্ত্রণালয় থেকে ভেটিং হয়ে এলে কাজ শুরু হবে সীমানা নির্ধারণ নিয়ে।

রাজনৈতিক দলের নিবন্ধনের আবেদনেরও সময় বাড়ানো হয়েছে।মূলত নির্বাচনের প্রস্তুতিতে নির্বাচন কমিশন পুরোদমে কাজ শুরু করেছে বলে জানান সিইসি।

ঐকমত্য কমিশন প্রধান নির্বাচন কমিশনার সাংবাদিক ইসি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:12

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/8719501372